শিশুর অধিকার রক্ষা করা আমাদের সবার দায়িত্ব

“শিশুরা কোনো বোঝা নয়, তারাই আগামী দিনের ভবিষ্যৎ। প্রতিটি শিশুর শিক্ষা, নিরাপত্তা, সুস্থভাবে বেড়ে ওঠা ও নিজের অধিকার পাওয়ার নিশ্চয়তা দিতে আমাদের সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। একটি শিশুও যেন নির্যাতন, অবহেলা, বৈষম্য ও শিশুশ্রমের শিকার না হয় এ বিষয়ে পরিবার ও সমাজকে আরও সচেতন হতে হবে।”

সোমবার বিকেলে গুড নেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের আয়োজনে শিশু অধিকার বিষয়ক প্রচারাভিযানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মেহেরপুর জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

তিনি আরও বলেন, “আমরা এখানে এসে প্রথমেই বৃক্ষরোপণ করেছি। পরিবেশের ভারসাম্য রক্ষা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি বাসযোগ্য পৃথিবী গড়ে তুলতে বৃক্ষরোপণের কোনো বিকল্প নেই। একটি গাছ শুধু আমাদের অক্সিজেনই দেয় না, এটি পরিবেশকে শীতল রাখে, জীববৈচিত্র্য রক্ষা করে এবং জলবায়ুর বিরূপ প্রভাব মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই প্রত্যেককে বেশি বেশি গাছ লাগানোর পাশাপাশি লাগানো গাছের পরিচর্যা ও সংরক্ষণেও দায়িত্বশীল হতে হবে।”

এডুকেশন, প্রোটেকশন অ্যান্ড হেলথ টিম, পিআইডি হেড অফিস, গুড নেইবার্স বাংলাদেশের টিম ম্যানেজার মিঃ কর্নেল কস্তা, গুড নেইবার্সের ভলান্টিয়ার সভাপতি আছিয়া খাতুন ও সদস্য পূজা মণ্ডলের সাবলীল ও মনোমুগ্ধকর সঞ্চালনায় অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার রুপায়ন দেব বলেন, “শিশুদের অধিকার নিশ্চিত করা শুধু পরিবারের দায়িত্ব নয়; সমাজের প্রতিটি মানুষের দায়িত্ব রয়েছে। আজকের শিশুকে নিরাপদ, শিক্ষিত ও মানবিক পরিবেশ দিতে পারলেই আগামী দিনে একটি সুন্দর ও সমৃদ্ধ দেশ গড়ে তোলা সম্ভব।”

অনুষ্ঠানে শিশু অধিকার রক্ষায় সচেতনতা বৃদ্ধি, শিশুশ্রম ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং শিশুদের জন্য নিরাপদ পরিবেশ তৈরির ওপর গুরুত্বারোপ করা হয়।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ফয়েজুর রহমান ফয়েজ, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) সেলিম জাহাঙ্গীর, কমিউনিকেশন অ্যান্ড পার্টনারশিপ টিম, আরডিডি, হেড অফিস, গুড নেইবার্স বাংলাদেশের টিম ম্যানেজার এমডি আল ইমরান মঞ্জু, মুজিবনগর উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন, মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন উদ্দিন আল আজাদ, মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সিডিপি সভাপতি জহুরুল ইসলাম এবং শিশু পরিষদের সদস্য মৌমিতা আহমেদ।

অনুষ্ঠানের শুরুতেই শিশুশ্রম বিষয়ক স্বাগত বক্তব্য দেন গুড নেইবার্স মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমা।

এর আগে গুড নেইবার্স অফিস চত্বরে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন জেলা প্রশাসকসহ অন্যান্য অতিথিরা।

শিশু অধিকার বিষয়ক প্রচারাভিযানে বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষক, শিক্ষার্থী ও গুড নেইবার্সের ভলান্টিয়াররা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন

বাংলাদেশ শিশু একাডেমি মেহেরপুর জেলা শাখার উদ্যোগে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

সোমবার বিকেলে জেলা প্রশাসক ড. মো. আবদুল ছালাম বেলুন উড়িয়ে সপ্তাহব্যাপী কর্মসূচির উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)

তরিকুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. মো. আবদুল ছালাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মো. মনজুর আহমেদ সিদ্দিকী। স্বাগত বক্তব্য রাখেন জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আইয়ুব হোসেন।

এছাড়া আলোচনায় অংশ নেন শিশু বক্তা সারা তামান্না রোজা ও সামিয়া রেজা প্রমুখ।

আলোচনা সভা শেষে শিশু একাডেমির শিশু শিল্পীদের পরিবেশনায় এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মুজিবনগরে শিশু অধিকার বিষয়ক প্রচার অভিযান

“শিশু অধিকার জানি, অন্যকে জানাই” এই প্রতিপাদ্যে মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ, মেহেরপুর সিডিপি এর শিশু অধিকার বিষয়ক প্রচার অভিযান অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার গুডনেইবার্স বাংলাদেশ, মেহেরপুর সিডিপি এর আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটোরিয়ামে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গুডনেইবার্সের ম্যানেজিং ডিরেক্টর বার্টিন গমেজ।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল, প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন ডিপার্টমেন্টের ডিরেক্টর আনন্দ কুমার দাস, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন উদ্দিন আল আজাদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহামুদুল হাসান, বিওয়াইএফসি ম্যানেজার জন অমৃত মণ্ডল,